



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ৩০-০১-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের বর্তমান কার্যনির্বাহী কমিটি উদীয়মান ও প্রতিভাবান তরুন খেলোয়াড় সৃষ্টিসহ ফুটবলের পুনঃ জাগরণের ও দেশের ফুটবলের উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ প্রেক্ষিতে সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশন কর্তৃক আয়োজিত 'সাফ অ-১৫ চ্যাম্পিয়নশীপ ২০২১' ও 'সাফ অ-১৬ চ্যাম্পিয়নশীপ ২০২২' সহ এশিয়ান ফুটবল কনফেডারেশন কর্তৃক আয়োজিত 'এএফসি অ-১৭ চ্যাম্পিয়নশীপ ২০২৩', কোয়ালিফায়ার্স এর খেলা ২০২২ সালে অনুষ্ঠিত হবে। উক্ত চ্যাম্পিয়নশীপ ও কোয়ালিফায়ার্সে যথাক্রমে বাংলাদেশ অ-১৫, অ-১৬ ও অ-১৭ জাতীয় ফুটবল দল (জন্ম: ০১-০১-২০০৬ হতে তদুর্ধ্ব) অংশগ্রহণ করবে।

উক্ত প্রতিযোগিতাসমূহে অংশগ্রহণের লক্ষ্যে বয়সভিত্তিক প্রতিভাবান খেলোয়াড়দের নিয়ে বাফুফের দীর্ঘমেয়াদী আবাসিক প্রশিক্ষণ ক্যাম্প খুব শীঘ্রই শুরু হতে যাচ্ছে। এই লক্ষ্যে ৩০ জানুয়ারী হতে ২৫ ফেব্রুয়ারী ২০২১ তারিখ পর্যন্ত (সংযুক্ত তারিখ অনুযায়ী) পর্যায়ক্রমে দেশের সকল জেলা ও বিভাগে প্রতিভাবান ফুটবল খেলোয়াড় অন্বেষণ কর্মসূচী অনুষ্ঠিত হতে যাচ্ছে। উল্লেখিত তারিখ ও সময় অনুযায়ী সকল জেলার প্রতিভাবান বয়সভিত্তিক ফুটবল খেলোয়াড় (জন্ম: ০১-০১-২০০৬ হতে তদুর্ধ্ব) বাছাই কার্যক্রম অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে

এ উপলক্ষে অদ্য ৩০ জানুয়ারী ২০২১ তারিখ রোজ শনিবার সকাল ১১.০০ ঘটিকায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে ঢাকা জেলার প্রতিভাবান খেলোয়াড় বাছাই কার্যক্রমের শুভ উদ্বোধন করেন বাফুফের সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহ উদ্দীন। এছাড়াও উপস্থিত ছিলেন সহ-সভাপতি জনাব মোঃ আতাউর রহমান ভূইয়া (মানিক), ফিফা কাউন্সিল মেম্বর এবং বাফুফে ও এএফসি সদস্য মাহফুজা আক্তার কিরণসহ বাফুফে নির্বাহী কমিটি ও ডেভেলপমেন্ট কমিটির সদস্যবৃন্দ, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ, বাফুফের Technical Director Mr. Paul Thomas Smalley, বাংলাদেশ জাতীয় ফুটবল দলের প্রধান প্রশিক্ষক Mr. James Day এবং বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সহকারী প্রশিক্ষক Mr. Stuart Paul Wattkiss।

উক্ত দিন ঢাকা ছাড়াও ৮টি জেলায় গোপালগঞ্জ, বান্দরবান, খুলনা, সুনামগঞ্জ, রাজশাহী, রংপুর, বরিশাল ও শেরপুরে প্রতিভাবান খেলোয়াড় বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হয়। আগামী ১ ফেব্রুয়ারী ২০২১ তারিখ ৮টি জেলায় যথাক্রমে শরীয়তপুর, লক্ষ্মীপুর, বাগেরহাট, সিলেট, নওগাঁ, নীলফামারী, ভোলা ও জামালপুরে প্রতিভাবান খেলোয়াড় বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হয়।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।